**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং ১৭৩-আইন/২০২৬/২৮/কাস্টমস।—** সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত H.S. Code: 2501.00.20 এর বিপরীতে "Salt (other than pure sodium chloride) not in aqueous solution including salt boulder for crushing and salt in bulk" বর্ণনার পণ্যটি আমদানির ক্ষেত্রে-

(ক) কেমিক্যাল প্রোডাক্টস উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত টেবিল-১ এর শর্তাবলি পরিপালন সাপেক্ষে, উহার উপর আরোপণীয় কাস্টমস ডিউটি মূল্যভিত্তিক, যেই পরিমাণ ৫% (পাঁচ শতাংশ) এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, এবং সমুদয় সম্পূরক শুল্ক;

(খ) ওয়াশারী প্লান্ট কর্তৃক নিম্নবর্ণিত টেবিল-২ এর শর্তাবলি পরিপালন সাপেক্ষে, উহার উপর আরোপণীয় কাস্টমস ডিউটি মূল্যভিত্তিক, যেই পরিমাণ ১৫% (পনের শতাংশ) এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, এবং সমুদয় সম্পূরক শুল্ক;

হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:-

**<u>টেবিল-১</u>**

| | |
|---|---|
| (ক) | এই অব্যাহতি সুবিধা কেবল Bangladesh Customs Tariff এর চ্যাপ্টার ২৮ এবং ২৯ এর আওতাভুক্ত কেমিক্যাল প্রোডাক্টস VAT compliant উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক মৌলিক কাঁচামাল হিসাবে আমদানিকৃত লবণ এর জন্য প্রযোজ্য হইবে; |
| (খ) | আলোচ্য ক্ষেত্রে পোষক সংস্থা হিসাবে বিনিয়োগ বোর্ড বা বিসিক দায়িত্ব পালন করিবে এবং তাহাদের আমদানি অনুমতির ভিত্তিতে উক্ত লবণ কেমিক্যাল প্রোডাক্টস উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানি করিতে হইবে; |
| (গ) | আমদানিকৃত লবণ দ্বারা সংশ্লিষ্ট কেমিক্যাল প্রোডাক্টস উৎপাদনকারী প্রতিষ্ঠানকে ১০০% মূল্য সংযোজন করিতে হইবে ; এবং |
| (ঘ) | আমদানিকৃত সমুদয় লবণ দ্বারা কেমিক্যাল প্রোডাক্টস উৎপাদন করা হইবে |

| |
|---|
| মর্মে আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃক **“পরিশিষ্ট-ক”** অনুযায়ী যথাযথ মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পের উপর একটি অঙ্গীকারনামা পণ্য চালান শুল্কায়নের সময় শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে। |

**<u>টেবিল-২</u>**

| | |
|---|---|
| (ক) | এই অব্যাহতি সুবিধা শুধুমাত্র VAT compliant ওয়াশারী প্লান্ট প্রতিষ্ঠান কর্তৃক টেবিল-১ এর আওতায় রেয়াতি সুবিধা প্রাপ্ত কেমিক্যাল প্রোডাক্টস উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট সরবরাহের জন্য মৌলিক কাঁচামাল হিসাবে অপ্রক্রিয়াজাত লবণ হিসেবে আমদানিপূর্বক প্রক্রিয়াকরণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে; |
| (খ) | পোষক কর্তৃপক্ষের সুপারিশক্রমে কস্টিক সোডা ও ক্লোরিন উৎপাদনে ব্যবহৃত ওয়াশড সল্ট উৎপাদনকারী ওয়াশারী প্লান্টের কাঁচামাল হিসেবে ব্যবহারের জন্য প্লান্টের উৎপাদন ক্ষমতা অনুযায়ী নির্দিষ্ট পরিমাণ লবণ আমদানি করিতে পারিবে; |
| (গ) | আলোচ্য ক্ষেত্রে পোষক সংস্থা হিসাবে শিল্প মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত আমদানি অনুমতি ও বার্ষিক আমদানির প্রাপ্যতার ভিত্তিতে উক্ত লবণ আমদানি করিতে হইবে এবং কোনো ভাবেই বার্ষিক প্রাপ্যতার অধিক লবণ আমদানি করা যাইবে না; |
| (ঘ) | আমদানিকৃত লবণ পৃথক গুদামে সংরক্ষণ করিতে হইবে; |
| (ঙ) | আমদানিকৃত লবণ দ্বারা সংশ্লিষ্ট ওয়াশারি প্লান্টকে ন্যূনতম ২০% মূল্য সংযোজন করিতে হইবে; |
| (চ) | আমদানিকৃত লবণ প্রক্রিয়াকরণপূর্বক কেবল কেমিক্যাল প্রোডাক্টস উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট সরবরাহ করিতে হইবে; এবং |
| (ছ) | আমদানিকৃত সমুদয় লবণ দ্বারা কেমিক্যাল প্রোডাক্টস উৎপাদন করা হইবে মর্মে আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃক “পরিশিষ্ট-খ” অনুযায়ী যথাযথ মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পের উপর একটি অঙ্গীকারনামা পণ্য চালান শুল্কায়নের সময় শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে। |

২। কোনো সোডিয়াম ক্লোরাইড বা টেবিল লবণ উৎপাদনকারী বা অন্যবিধ কোনো লবণ উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানির ক্ষেত্রে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না;

৩। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতি সুবিধা গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে শুল্কায়নের সময় বিভাগীয় কর্মকর্তা কর্তৃক প্রত্যয়িত উপকরণ-উৎপাদ সহগ (মূসক-৪.৩) ঘোষণার কপি শুল্কায়নকালে দাখিল করিতে হইবে;

৪। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে, কোনো উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে;

৫। কোনো উৎপাদনকারী প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে কাস্টমস আইন, ২০২৩ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী ও প্রযোজ্যক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৬। ৩ পৌষ, ১৪১৪ বঙ্গাব্দ মোতাবেক ১৭ ডিসেম্বর, ২০০৭ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও, নং ২৯২-আইন/২০০৭/২১৭২/শুল্ক এতদ্দ্বারা রহিত করা হইল।

৭। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

**পরিশিষ্ট-ক**

**(টেবিল-১ এর (ঘ) দ্রষ্টব্য)**

**অঙ্গীকারনামা**

আমি ----------------------------- (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ------------- ---------------------------------------------------------------------------------------------------------- (প্রতিষ্ঠানের নাম) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, ঋণপত্র নং ----------------------- তারিখ: ----------- ইনভয়েস নং --------------------------তারিখঃ ------------------------ বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং -------------------- তারিখ: ---------------- বিল অব এন্ট্রি নং -------------------- তারিখ: --------- এর মাধ্যমে .......................... শুল্ক ভবন/স্টেশনের মাধ্যমে আমদানিকৃত লবণ কেমিক্যাল প্রোডাক্টস উৎপাদনে ব্যবহার করিব। আমদানিকৃত লবণ কেমিক্যাল প্রোডাক্টস উৎপাদন ব্যতীত অন্য কোনো ব্যবহার বা কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা অন্য কোনভাবে হস্তান্তর করিব না। আমদানিকৃত লবণ কেমিক্যাল প্রোডাক্টস উৎপাদন ব্যতীত অন্য কোনো ব্যবহার বা কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা অন্য কোনোভাবে হস্তান্তর করা হইলে অব্যাহতি সুবিধাপ্রাপ্ত শুল্ক-করাদি পরিশোধ করিতে বাধ্য থাকিব এবং এজন্য কোন আইনানুগ পদক্ষেপ গৃহীত হইলে উহাও মানিয়া নিতে বাধ্য থাকিব।

১।. . . . . . . . . . . .সাক্ষী
২।. . . . . . . . . . . .সাক্ষী

তারিখ:

স্বাক্ষর: ..................................................

মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম: ...................
প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: ...............................
.................................................................

**পরিশিষ্ট-খ**

**(টেবিল-২ এর (ছ) দ্রষ্টব্য)**

**অঙ্গীকারনামা**

আমি ----------------------------- (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ------------- --------------------------------------------------------------------------------------------------------- (প্রতিষ্ঠানের নাম) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, ঋণপত্র নং ----------------------- তারিখ: ----------- ইনভয়েস নং --------------------------তারিখঃ ------------------------ বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং -------------------- তারিখ: ---------------- বিল অব এন্ট্রি নং -------------------- তারিখ: --------- এর মাধ্যমে ......................... শুল্ক ভবন/স্টেশনের মাধ্যমে আমদানিকৃত লবণ ওয়াশারী প্ল্যান্টে উৎপাদনে ব্যবহার করিব। আমদানিকৃত লবণ প্রক্রিয়াকরণপূর্বক কেমিক্যাল প্রোডাক্টস উৎপাদনকারী ব্যতীত অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা অন্য কোনোভাবে হস্তান্তর করিব না বা অন্য কোনো ব্যবহার করিব না। এর ব্যত্যয় হইলে অব্যাহতি সুবিধাপ্রাপ্ত শুল্ক-করাদিসহ আরোপিত জরিমানা ও দণ্ড পরিশোধ করিতে বাধ্য থাকিব এবং এজন্য কোনো আইনানুগ পদক্ষেপ গৃহীত হইলে উহাও মানিয়া নিতে বাধ্য থাকিব।

১।. . . . . . . . . . . .সাক্ষী
২।. . . . . . . . . . . .সাক্ষী

তারিখঃ

স্বাক্ষর: .................................................

মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম: ...................
প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: ...............................
.................................................................

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।